

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ৪. যুদ্ধ করাই সাধু ও ধার্মিকদের বৈশিষ্ট্য

বাইবেলে বলা হয়েছে যে, নেককার সাধু ও ধার্মিকদের মূল কাজ আল্লাহর প্রশংসা করা এবং সর্বদা দু’-ধারি তরবারী সাথে নিয়ে কাফির-বিধর্মীদের কতল করা ও শাস্তি দেওয়া। বিধর্মীদের হত্যা, বন্দি ও বিচার করাই সাধুদের মূল কর্ম ও মর্যাদা:

“সাধুগণ গৌরবে উল্লাসিত হউক। ... তাহাদের কণ্ঠে ঈশ্বরের উচ্চ প্রশংসা, তাহাদের হস্তে দ্বি-ধার খড়গ থাকুক; যেন তাহারা জাতিগণকে (heathen বিধর্মীদের) প্রতিফল দেয়, লোকবৃন্দকে শাস্তি দেয়; যেন তাহাদের রাজগণকে শৃঙ্খলে, তাহাদের মান্যগণ্য লোকদিগকে লৌহ-নিগড়ে বদ্ধ করে; যেন তাহাদের বিরুদ্ধে লিখিত বিচার নিষ্পন্ন করে; ইহাই সমস্ত সাধুর মর্যাদা।” (গীতসংহিতা ১৪৯/৫-৯)

পবিত্র বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-০৬: “এই সম্মান লাভ করে ঈশ্বরভক্তেরা/ আল্লাহভক্তেরা আনন্দ করুক... তাদের মুখে ঈশ্বরের/ আল্লাহর গৌরব/ প্রশংসা থাকুক আর হাতে থাকুক দু’দিকে ধার দেওয়া তলোয়ার, যাতে তারা জাতিদের উপরে প্রতিশোধ নিতে পারে আর সেই সব লোকদের শাস্তি দিতে পারে, যাতে শিকল দিয়ে তাদের রাজাদের/ বাদশাহদের বাঁধতে পারে, তাদের উঁচু পদের লোকদের লোহার বেড়ী দিয়ে বাঁধতে পারে, আর তাদের বিরুদ্ধে যে রায় লেখা হয়েছে তা কাজে লাগাতে পারে। এ সমস্তই তাঁর সব ভক্তদের গৌরব।”

ইংরেজিতে heathen অর্থ বিধর্মী, পৌত্তলিক, মেন্সচ্ছ বা কাফির। এভাবে বাইবেল ঢালাওভাবে কাফির বা বিধর্মীদের হত্যার নির্দেশ দিচ্ছে। বাংলা অনুবাদে heathen অর্থ ‘জাতিগণকে’ লেখা হয়েছে; ফলে মূল অর্থ কিছুটা অস্পষ্ট হলেও ঈশ্বরের সাধু ও ভক্তদের প্রতি অন্য সকল জাতিকে হত্যা করার নির্দেশ সুস্পষ্ট।

অন্যান্য দেবতা অসার। ইসরাইল বা যাকোবের মাবুদ তেমন নন। বনি-ইসরাইল বা যাকোব-বংশ তাঁর যুদ্ধ-কুঠার, তাঁর যুদ্ধের অস্ত্র এবং সর্বগ্রাসী ধ্বংসের হাতিয়ার: “প্রত্যেক স্বর্ণকার তার মূর্তির দ্বারা লজ্জিত হয় ... সেসব অসার... যিনি ইয়াকুবের অধিকার তিনি সেরকম নন; কারণ তিনি সমস্ত বস্তুর গঠনকারী এবং ইসরাইল তাঁর অধিকার রূপ বংশ (Israel is the rod of his inheritance ইসরাইল তাঁর অধিকার দ-); তাঁর নাম বাহিনীগণের মাবুদ। তুমি আমার মুদগর (যুদ্ধ-কুড়াল battle axe) ও যুদ্ধের অস্ত্র (weapons of war); তোমাকে দিয়ে আমি জাতিদেরকে চূর্ণ করবো; তোমাকে দিয়ে রাজ্যগুলো সংহার করবো; তোমাকে দিয়ে ঘোড়া ও তার সওয়ারকে চূর্ণ করবো, তোমাকে দিয়ে রথ ও তার আরোহীকে চূর্ণ করবো; তোমাকে দিয়ে পুরুষ ও স্ত্রীকে চূর্ণ করবো; তোমাকে দিয়ে বৃদ্ধ ও বালককে চূর্ণ করবো; তোমাকে দিয়ে যুবক ও যুবতীকে চূর্ণ করবো; তোমাকে দিয়ে পালরক্ষক ও তার পাল চূর্ণ করবো; তোমাকে দিয়ে কৃষক ও তার বলদযুগল চূর্ণ করবো; এবং তোমাকে দিয়ে শাসনকর্তা ও রাজ-কর্মচারীদের চূর্ণ করবো।” (যিরমিয় ৫১/১৭-২৩, মো.-১৩)

উল্লেখ্য যে, উপরে উইলিয়াম কেরির অনুসরণে কিতাবুল মোকাদ্দস-২০১৩ সংস্করণের অনুবাদ উদ্ধৃত করা হল। কিতাবুল মোকাদ্দস-০৬ ও অন্যান্য অনুবাদে ব্যাপক পরিবর্তনের মাধ্যমে অর্থ অনেকটা অস্পষ্ট করা হয়েছে।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14549>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন